# সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ৩৮৩৬

২৮/ দোয়া (كتاب الدعاء)

পরিচ্ছেদঃ ২৮/২. রাসূলুল্লাহ ﷺ -এর দোয়া

بَاب دُعَاءِ رَسُولِ اللهِ ﷺ

আরবী

حَدَّثَنَا عَلِيُّ بْنُ مُحَمَّدٍ، حَدَّثَنَا وَكِيعٌ، عَنْ مِسْعَرٍ، عَنْ أَبِي مَرْزُوقٍ، عَنْ أَبِي الْعَدَبَّسِ، عَنْ أَبِي أُمَامَةَ الْبَاهِلِيِّ، قَالَ خَرَجَ عَلَيْنَا رَسُولُ اللَّهِ ـ صلى الله عليه وسلم ـ وَهُوَ مُتَّكِئٌ عَلَى عَصًا فَلَمَّا رَأَيْنَاهُ قُمْنَا فَقَالَ " لاَ تَفْعَلُوا كَمَا يَفْعَلُ أَهْلُ فَارِسَ بِعُظَمَائِهَا " . قُلْنَا يَا رَسُولَ اللَّهِ لَوْ دَعَوْتَ اللَّهَ لَنَا . قَالَ " اللَّهُمَّ اغْفِرْ لَنَا وَارْحَمْنَا وَارْضَ عَنَّا وَتَقَبَّلْ مِنَّا وَأَدْخِلْنَا الْجَنَّةَ وَنَجِّنَا مِنَ النَّارِ وَأَصْلِحْ لَنَا شَأْنَنَا كُلَّهُ " . قَالَ فَكَأَنَّمَا أَحْبَبْنَا أَنْ يَزِيدَنَا فَقَالَ " أَوَلَيْسَ قَدْ جَمَعْتُ لَكُمُ الأَمْرَ " .

বাংলা

৭/৩৮৩৬। আবূ উমামা আল-বাহিলী (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম একটি লাঠিতে ভর দিয়ে আমাদের নিকট বেরিয়ে এলেন। আমরা তাঁকে দেখামাত্র দাঁড়িয়ে গেলাম। তিনি বলেনঃ পারস্যবাসীরা তাদের নেতাদের সাথে যেরূপ করে, তোমরা তদ্রূপ করো না। আমরা বললাম, হে আল্লাহর রাসূল! আপনি যদি আমাদের জন্য আল্লাহর নিকট দোয়া করতেন। তিনি বলেন, ’’হে আল্লাহ! আমাদের মাফ করে দাও, আমাদের প্রতি দয়া করো, আমাদের প্রতি সন্তুষ্ট থাকো, আমাদের দোয়া কবুল করো,আমাদেরকে জান্নাতে প্রবেশ করাও, আমাদেরকে জাহান্নাম থেকে নাজাত দাও, আমাদের অবস্থা সংশোধন করে দাও সম্পুর্নভাবে এবং আমাদের জন্য আরো অধিক দোয়া করবেন। তখন তিনি বলেনঃ আমি কি তোমাদের সকল প্রয়োজন একত্র করে দেইনি?

## English

It was narrated that Abu Umamah Al Bahili said:
"The Messenger of Allah (saas) came out to us, leaning on a stick, and when we saw him we stood up. He said: 'Do not do what the Persians do for their leaders.' We said: 'O Messenger of Allah, why don't you pray to Allah for us?'

He said: 'Allahummaghfirlana, warhamna, warda 'anna, wa taqabbal minna, wa adkhilnal-jannah, wa najjina minan-nar, wa aslih lana sha'nana kullah. [O Allah, forgive us and have mercy on us, be pleased with us and accept (our good deeds) from us, admit us to Paradise and save us from Hell, and rectify all our affairs].' It was as if we wanted him to say more, but he said: 'Have I not summed everything for you?'"

## ফুটনোট

আবূ দাউদ ৫২৩০, আহমাদ ২১৬৭৭, ২১৬৯৭, যইফাহ ২৪৬। তাহকীক আলবানীঃ যইফ। উক্ত হাদিসের রাবী আবু ওয়াইল (তুবায় বিন সুলায়মান) সম্পর্কে ইবনু হিব্বান বলেন, তিনি হাদিস বর্ণনায় ভুল ও সংমিশ্রণ করেন। ইমাম যাহাবী ও ইবনু হাজার আল-আসকালানী বলেন, তিনি মাজহুল। আল-হাফিয আল-ইরাকী বলেন, তিনি ত্রুটিপূর্ণভাবে হাদিস বর্ণনা করেন। আল-মুনযিরী বলেন, তিনি হাদিস বর্ণনায় অন্যমনস্ক, তার মাঝে জাহালাত রয়েছে। (তাহযীবুল কামালঃ রাবী নং ৭৯৫, ৪/৩১২ নং পৃষ্ঠা)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=44801

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন